# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date 11-05-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) পাকিস্তানের তরফে বারবার সংঘর্ষ বিরতি লঙ্ঘন করা হলে উপযুক্ত জবাব দেওয়া হবে বলে ভারত জানিয়েছে।

২) বিভিন্ন রাজনৈতিক দল সংঘর্ষ বিরতির সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

৩) কালোবাজারি ও কৃত্রিম মূল্যবৃদ্ধি রুখতে বাজারদর নিয়ন্ত্রণে গঠিত টাস্কফোর্স গতকাল বিভিন্ন বাজার পরিদর্শন করে।

৪) নিত্যযাত্রীদের জন্য বাস পরিষেবা সহজলভ্য করতে যাত্রীসাথী অ্যাপে বিশেষ ব্যবস্থা।

৫) মুর্শিদাবাদের জাফরাবাদে বাবা ছেলে খুনের ঘটনায় গ্রেপ্তার আরও এক।

৬) কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপপ্রবাহের পূর্বাভাস।

---------------------------------------------------------------------------

সঙ্ঘর্ষ বিরতি নিয়ে পাকিস্তানের সঙ্গে সমঝোতা হলেও বারবার তা লঙ্ঘন করা হচ্ছে বলে ভারত জানিয়েছে। গতকাল রাতে নতুন দিল্লীতে এক প্রেস ব্রিফিং-এ বিদেশ

সচিব বিক্রম মিসরি বলেন, ভারত এই সমঝোতা লঙ্ঘনকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখছে এবং এর উপযুক্ত জবাব দেওয়া হবে।

(Byte-Vikram Misri)

ভারত ইতোমধ্যেই বিষয়টিতে পাকিস্তানকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য বলেছে। তাঁরা যাতে সঙ্ঘর্ষ বিরতীর সিদ্ধান্তকে যথেষ্ঠ গুরুত্ব ও দায়িত্বের সঙ্গে পালন করতে যথাযথ পদক্ষেপ করে তারও আহ্বান জানিয়েছে ভারত। শ্রী মিশ্রি বলেছেন, সশস্ত্র বাহিনী পরিস্থিতির উপর কঠোর নজর রেখেছে। আন্তর্জাতিক সীমান্ত এবং নিয়ন্ত্রণ রেখা বরাবর সঙ্ঘর্ষবিরতি লঙ্ঘনের পুনরাবৃত্তির যেকোনো ঘটনাকে কঠোরভাবে মোকাবিলা করার নির্দেশ দেওয়া হয়েছে।

বিদেশ সচিব বলেন, ভারত ও পাকিস্তানের সামরিক অভিযানের মহানির্দেশোক DGMO-দের মধ্যে গত কয়েকদিন ধরে চলা সামরিক কার্যকলাপ বন্ধ করার বিষয়ে একটি সমঝোতা হয়েছে। পাকিস্তানের উচিত এই পরিস্থিতিকে সঠিকভাবে বোঝা এবং অনুপ্রবেশ বন্ধ করতে অবিলম্বে যথাযথ পদক্ষেপ নেওয়া।

আগেই জানানো হয়েছে, সংঘর্ষ বিরতি ঘোষণার কয়েকঘন্টার মধ্যেই পাকিস্তানি সেনা ফের অস্ত্রবিরতি লংঘন করেছে। শ্রীনগর, জম্মু, পুঞ্চ, রাজস্থানে বাড়মের, শ্রীগঙ্গানগর, হনুমানগড় সহ দেশের একাধিক আকাশে ড্রোন দেখা যায় বলে খবর। ওই স্থানগুলিতে জারি করা হয় ব্ল্যাকআউট।

-----------------------

ভারত ও পাকিস্তান চলতি সামরিক অভিযান এবং সংঘর্ষ অবিলম্বে স্থগিত রাখার ব্যাপারে সম্মত হয়েছে। গতকাল নতুন দিল্লীতে এক প্রেস ব্রিফিং-এ বিদেশ সচিব বিক্রম মিশ্রি এই ঘোষণা করে জানান, গতকাল বিকেল ৫ টা থেকে এই সংঘর্ষ বিরতি কার্যকর হয়েছে। তিনি বলেন, সংঘর্ষ বিরতি নিয়ে পাকিস্তানের সামরিক অভিযান বিষয়ক মহানির্দেশক ডিজিএমও, ভারতের ডিজিএমও-কে ফোন করেন। আলোচনাতে স্থির হয়েছে যে, দু পক্ষই স্থল, জল এবং আকাশ তিন ক্ষেত্রেই সামরিক অভিযান স্থগিত রাখবে। সেই মত দুপক্ষই সশস্ত্র বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছে। আগামী ১২ ই মে দুদেশের মধ্যে ডিজিএমও পর্যায়ে পর্যালোচনা বৈঠক হবে।

অপারেশন সিন্দুর-এ ভারতের সশস্ত্র বাহিনী পাকিস্তানের আক্রমণ এবং প্রতিরক্ষা দুই ব্যবস্থাকেই পর্যুদস্ত করে দিয়েছে বলে ভারতীয় সামরিক বাহিনীর তরফে জানানো হয়েছে। গতকাল বিদেশ সচিবের প্রেস ব্রিফিং-এর পরই সশস্ত্র বাহিনীর তরফে এক সাংবাদিক সম্মেলন করা হয়। ভারতীয় সেনার তরফে কর্নেল সুফিয়া কুরেশী বলেন, ভারতীয় সেনা মূলত জঙ্গী শিবির এবং প্রশিক্ষণ কেন্দ্রগুলি লক্ষ্য করে আক্রমণ চালিয়েছে। ভারত বিরোধী কার্যকলাপ ঐ শিবিরগুলি থেকে চালানো হচ্ছিল বলে তিনি জানান। কোনোরকম ধর্মীয় স্থানকে নিশানা করা হয়নি বলেও তিনি জানান।

বাইট

পাকিস্তানের তরফে ভারতের এস ফোর হান্ড্রেড এবং ব্রাহ্মোস ক্ষেপনাস্ত্র কেন্দ্র ধ্বংস করে দেওয়া হয়েছে বলে যে দাবি করা হয়েছিল, তা সম্পূর্ণ মিথ্যা বলেও কর্নেল কুরেশি জানান। পাশাপাশি সিরসা, জম্মু, পাঠানকোট, ভাতিন্ডা, নালিয়া এবং ভুজে ভারতীয় বায়ু সেনার ঘাঁটির ক্ষতি করা নিয়েও পাকিস্তান মিথ্যা প্রচার চালিয়েছে বলে তিনি জানান। সাংবাদিক বৈঠকে বায়ু সেনার উইং কম্যান্ডার ভ্যোমিকা সিং বলেন, ভারত যেহেতু ধর্ম নিরপেক্ষ দেশ তাই ভারতীয় সেনা পাকিস্তানের মসজিদগুলি লক্ষ্য করে হামলা চালিয়েছে, সেই দাবিও সম্পূর্ণ মিথ্যা।

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্করও বলেছেন যে, দুই দেশ সংঘর্ষ বিরতির ব্যাপারে সহমতে পৌঁছেছে। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি জানিয়েছেন, ভারত সবসময় সব ধরনের সন্ত্রাসবাদের বিরুদ্ধে কঠোর ও আপোষহীন মনোভাব বজায় রেখেছে। ভবিষ্যতেও ভারত এই ধরনের দৃষ্টিভঙ্গী বজায় রাখবে।

-----------------------

বিভিন্ন রাজনৈতিক দল, ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘর্ষবিরতিকে স্বাগত জানিয়েছে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, পহেলগাঁওতে যে ঘটনা ঘটেছে, তার যোগ্য জবাব দিয়েছে ভারতীয় সেনা।

বাইট শুভেন্দু

অন্যান্য রাজ্য জঙ্গীদের বিরুদ্ধে ব্যবস্থা নিলেও, এরাজ্যে তাদের আশ্রয় দেওয়া হয় বলে অভিযোগ করেছেন শুভেন্দু বাবু।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, দেশবাসী সকলেই শান্তির পক্ষে। তবে কেউ দেশের নিরীহ মানুষদের নিশানা করে আক্রমণ করলে ভারত তার প্রত্যাঘাত করবে।

সিপিআইএম, দুদেশের মধ্যে সংঘর্ষবিরতির ঘোষণাকে ইতিবাচক বলে বর্ণনা করেছে। দলের পলিটব্যুরোর তরফে এক বিবৃতিতে বলা হয়েছে, পাকিস্তানকে তাদের সীমান্তের ভিতরে সন্ত্রাসবাদী কার্যকলাপ বন্ধ করতে উপযুক্ত পদক্ষেপ নিতে হবে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, তাঁরা গোড়া থেকেই শান্তির কথা বলে এসেছেন।

বাইট সেলিম

ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘর্ষবিরতির খবর উভয় দেশের সাধারণ মানুষকে স্বস্তি দিয়েছে বলে এসইউসিআই কমিউনিস্ট এক বিবৃতিতে জানিয়েছে।

সিপিআইএমএল লিবারেশনও সংঘর্ষবিরতির সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। এই সিদ্ধান্ত আঞ্চলিক শান্তি ও স্থিতাবস্থা রক্ষায় সহায়ক হবে বলে এক বিবৃতিতে জানানো হয়েছে।

-----------------------

নদীয়ার আন্তর্জাতিক ভারত বাংলাদেশ সীমান্তে কঠোর নিরাপত্তা জারি হয়েছে। জেলার সীমান্ত এলাকা লাগোয়া কৃষ্ণগঞ্জ ব্লক সহ বিভিন্ন স্থানে চলেছে জোরদার চেকিং। বিএসএফের টহলদারি চলছে জোর কদমে। এদিকে গেদে চেকপোস্ট দিয়ে পড়শী দেশে যাতায়াত কমে যাওয়ায় সমস্যায় পড়েছেন স্থানীয় ব্যবসায়ীরা। ফলে সীমান্তের মানি এক্সচেঞ্জ থেকে শুরু করে ছোটখাটো ব্যবসাতেও প্রভাব পড়েছে বলে জানিয়েছেন অনেকে।

এদিকে গতকালই কোচবিহার জেলায় ভারত বাংলাদেশ সীমান্ত এলাকা পরিদর্শ করেন এডিজি ইস্টান কমান্ড মহেশ কুমার আগরওয়াল। কোচবিহারের গোপালপুরে বিএসএফের সেক্টর হেডকোয়ার্টারে BSF আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন তিনি। পরে তিনি বেশ কিছু সীমান্ত এলাকা পরিদর্শন করেন।

-----------------------

উত্তর ২৪ পরগনার বাগদার পুরদহ ও চ্যাঙ্গাবটতলা এলাকা থেকে ১১ বাংলাদেশীকে আটক করেছে পুলিশ। আটকদের মধ্যে ৬টি শিশু রয়েছে। ধরা পড়েছে ৩ ভারতীয় দালালও। অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করে তারা গুজরাটে কাজ করতে যায়। ধরপাকড় শুরু হবার পর চোরাপথে তারা বাংলাদেশে ফিরে যাওয়ার জন্যই বাগদায় আসে বলে জানা গেছে। ধৃতদের গতকাল বনগাঁ মহকুমা আদালতে তোলা হয়।

----------------------

কালোবাজারি ও কৃত্রিম মূল্যবৃদ্ধি রুখতে বাজার দর নিয়ন্ত্রণে গঠিত টাস্কফোর্সের সদস্যরা গতকাল কলকাতা ও জেলার বিভিন্ন বাজারে হানা দিয়েছেন। কলকাতার অন্যতম বড় বাজার শিয়ালদহর কোলে মার্কেট টাস্কফোর্সের সদস্যরা পরিদর্শন করেন। শাক, সবজি, মাছের বাজার ঘুরে তাঁরা জিনিস পত্রের দরদাম খতিয়ে দেখেন। কথা বলেন ক্রেতাদের সঙ্গেও। টাস্ক ফোর্সের অন্যতম সদস্য রবীন্দ্রনাথ কোলে বলেন, পাইকারি বাজারে জিনিস পত্রের দাম নিয়ন্ত্রণে আছে। তিনি বলেন, মুখ্যমন্ত্রীর নির্দেশ মেনে এখন থেকে কলকাতা ও জেলার প্রতিটি বাজারে প্রতিদিনই টাস্ক ফোর্সের সদস্যরা নজরদারি চালাবেন।

বর্ধামনেও টাস্কফোর্সের প্রতিনিধিরা জেলার বাজারগুলি ঘুরে দেখেছেন। সবজির গুণমান ও দাম যাচাই করেন তারা।

----------------------

নিত্যযাত্রীদের জন্য বাস পরিষেবা সহজলভ্য করতে রাজ্য সরকার যাত্রীসাথী অ্যাপে Where is my bus নামে একটি বিশেষ পরিষেবা চালু করেছে। পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী গতকাল রাজ্য পরিবহন নিগমের সল্টলেক ডিপোতে এক অনুষ্ঠানে এই পরিষেবার সূচনা করেন। এর মাধ্যমে যাত্রীরা বাস কোথায় আছে এবং কতক্ষণে তা স্টপেজে পৌঁছবে, সেই বিষয়ে জানতে পারবেন। অনলাইনে মেটানো যাবে বাসের ভাড়াও। পাশাপাশি যাত্রী নিরাপত্তায় বেসরকারি বাস চালানোর ওপরেও নজরদারি এই অ্যাপের মাধ্যমে করা যাবে বলে মন্ত্রী জানান। আপাতত ১৬ টি রুটের ৬০ টি বাস এই পরিষেবায় যুক্ত হচ্ছে।

----------------------

মুর্শিদাবাদের জাফরাবাদে সংশোধিত ওয়াকফ আইন নিয়ে অশান্তি চলাকালীন বাবা ছেলে খুনের ঘটনায় আরও এক অভিযুক্তকে পুলিশ গ্রেপ্তার করেছে। হজরত নামে ঐ ব্যক্তিকে ঝাড়খন্ডের পাকুর থেকে পাকড়াও করে পুলিশ। এই ঘটনায় এই পর্যন্ত গ্রেপ্তারির সংখ্যা বেড়ে দাঁড়ালো ১০-এ। ধৃত ব্যক্তি পুলিশি জেরায় জাফরাবাদে

হরগোবিন্দ দাস ও চন্দন দাসের খুনের সঙ্গে জড়িত থাকার কথা জানিয়েছে। পরিবারটির সঙ্গে তার জমিজমা নিয়ে বেশ কিছু দিন ধরে বিবাদ চলছিল বলে জানা গেছে।

-----------------------

কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় আগামী দুই-তিন দিন তাপপ্রবাহ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। তবে অনুকূল বায়ু প্রবাহ থাকার দরুন কিছু কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ঝাড়গ্রাম, বীরভূম, বাঁকুড়া পুরুলিয়ার মতো জেলা গুলিতে তাপমাত্রা কোথাও কোথাও চল্লিশ ডিগ্রি ছাড়িয়ে যেতে পারে। তবে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

-----------------------

সর্ব ভারতীয় আমন্ত্রনি আন্ত :স্কুল রোয়িং প্রতিযোগিতা, আগামীকাল রবীন্দ্র সরোবরে লেক ক্লাবের উদ্যোগে শুরু হচ্ছে। ৪৪ টি স্কুলের প্রায় ৪০০ প্রতিযোগী এতে অংশ নেবে। ইনডোর রোয়িং, কক্সড ফোর ও ডাবলস স্কালস এই তিনটি বিভাগে প্রতিযোগিতা হবে। টুর্নামেন্ট কমিটির আহবায়ক সোমনাথ দে ও অভিজিৎ বসু

জানিয়েছেন, বালক ও বালিকারা জুনিয়র এবং সিনিয়র বিভাগে প্রতিদ্বন্দ্বিতা করবে। প্রতিযোগীদের জন্য বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে বলে তারা জানিয়েছেন।

----------------------- -----------------------